অদ্য ০২ আষাঢ় ১৪২৯ বাংলা মোতাবেক ১৬ জুন ২০২২খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১:০০ ঘটিকায় অত্র সিটি কর্পোরেশনের নগর সভা কক্ষে (এ্যানেক্স ভবন) অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভার (বাজেট) কার্যবিবরণী।

**সভার সভাপতি ঃ জনাব এ.এইচ.এম খায়রুজ্জামান (লিটন), মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।**

**সভায় উপস্থিত কাউন্সিলরবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।**

পবিত্র কালামে পাক হতে তেলওয়াতের মাধ্যমে বিশেষ (বাজেট) অধিবেশনের কাজ শুরু করা হয়।

সভার সভাপতি মাননীয় মেয়র ২০২১-২০২২ অর্থ বছরে সংশোধিত ও ২০২২-২০২৩ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট আলোচনার প্রারম্ভে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষ থেকে ও রাজশাহী মহানগরবাসীর হয়ে উপস্থিত সকল সম্মানিত ওয়ার্ড ও সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং কর্মকর্তা/কর্মচারীগণকে স্বাগত জানিয়ে মহান আল্লাহ্-তা-আলার প্রতি কৃতজ্ঞতা ও শুকরিয়া আদায় করে সভার কাজ শুরু করেন। তিনি গভীর ভাবে শ্রদ্ধার সাথে স্মরণ করেন জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যবৃন্দদের। স্মরণ করেন জাতীয় চার নেতা শহীদ সৈয়দ নজরুল ইসলাম, শহীদ তাজউদ্দীন আহমেদ, শহীদ ক্যাপটেন এম. মনসুর আলী ও শহীদ এ.এইচ.এম. কামারুজ্জামান কে। তিনি আরো স্মরণ করেন লাখো শহীদদের, যাদের হাত ধরে এসেছে মহান স্বাধীনতা। সে সাথে এ মহানগরী সহ বাংলাদেশ ও বিশ্বের যত মানুষ পরলোক গমন করেছেন তাদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন। তিনি ১৪.০৬.২০২২ তারিখ একনেকে রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য ১৮৬৭ কোটি টাকা বরাদ্দ প্রদান করায় মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান।

তিনি দায়িত্ব গ্রহণের পর তার প্রথম বাজেট প্রস্তাবনায় রাজশাহী সিটি কর্পোরেশন পরিচালনায় ১০টি অগ্রাধিকার কর্মকৌশল নির্ধারণ করেছেন। বর্তমানে তা সিংহভাগই বাস্তবায়নের পথে।

| **কর্মকৌশল** | **ফলাফল** |
|---|---|
| ১। পরিকল্পিত নগর অবকাঠামো নির্মাণের মাধ্যমে রুট পর্যায়ে নাগরিক সুবিধার উন্নয়ন। | ১। যা ইতোমধ্যে উন্নয়ন দৃশ্যমান। |
| ২। উন্নত বর্জ্য ব্যবস্থাপনা, জলাবদ্ধতা নিরসন এবং সবুজায়ন ও পরিবেশবান্ধব অবকাঠামো নির্মাণ/উন্নয়ন এর মাধ্যমে নগরীর পরিবেশ উন্নয়ন। | ২। ইতোমধ্যে বাংলাদেশ সরকারের প্রতিষ্ঠান পর্যায়ে রাষ্ট্রীয় সম্মাননা স্বীকৃতি স্বরূপ জাতীয় পরিবেশ পদক-২০২১ অর্জন। |
| ৩। অপ্রচলিত আয়ের খাত সন্ধানের মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধি। | ৩। ইমারত নির্মান কর, সালভেজম্যাটারিয়াল, রাস্তা/ফুটপাত এর ক্ষতিপূরণ (সংস্থা কর্তৃক), পানি সংযোগের জন্য রাস্তার ক্ষতিপূরণ সহ ইত্যাদি আয় বর্ধক খাত সৃষ্টি হয়েছে। |
| ৪। নগর জনস্বাস্থ্য ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমে করোনা ভাইরাস, ডেঙ্গু, চিকুনগুনিয়ার প্রতিরোধ ও নিয়ন্ত্রন । | ৪। ইতোমধ্যে এ বিষয়ে শতভাগ সফলতা অর্জন হয়েছে। |
| ৫। রাজস্ব ব্যবস্থাপনার আধুনিকায়নের মাধ্যমে আর্থিক সক্ষমতা বৃদ্ধি। | ৫। রাজস্ব খাতটি সরকারের আইসিটি মন্ত্রণালয়ের জাইকার মাধ্যমে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে অটোমেশনের |

| কর্মকৌশল | ফলাফল |
|---|---|
| | মাধ্যমে আধুনিকায়ন করা হচ্ছে। |
| ৬। কর্ম সম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি। | ৬। এ বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার সহ প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা অর্জনের মাধ্যমে নাগরিকগণ সেবা সহজে পায় সে প্রচেষ্টা অব্যাহত রয়েছে। |
| ৭। দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ। | ৭। দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা অব্যাহত রয়েছে। |
| ৮। আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন। | ৮। স্থায়ী সম্পদ সঠিকভাবে কাজে লাগানো হচ্ছে। ফলে মহানগরীতে নিজস্ব জায়গার উপর মার্কেট নির্মাণ কাজ অব্যাহত রয়েছে। |
| ৯। উন্নত চিকিৎসা সেবা সহজলভ্য করার নিমিত্তে চিকিৎসা প্রতিষ্ঠান/ইনষ্টিটিউট স্থাপনের পরিকল্পনা। | ৯। সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়ন ও প্রকল্পের মাধ্যমে সিটি হাসপাতাল আধুনিকায়ন। এছাড়া সরকারের মাধ্যমে মহানগরীতে মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন, কার্ডিয়াক সেন্টার স্থাপন, শিশু হাসপাতাল স্থাপন। |
| ১০। ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকান্ডের মাধ্যমে শিশু, কিশোর, যুবকদের মাদকমুক্ত সুস্থ্য, সবল, মেধাবী, অনুপ্রেরণা। | ইতোমধ্যে অনুর্ধ-১৭ বালক রাসিক টুর্ণামেন্ট আয়োজন, বিকেএসপি প্রতিষ্ঠা, শিশুদের নিয়মিত চিত্রাংকন প্রতিযোগিতা, ৭ই মার্চে বঙ্গবন্ধুর ভাষণ প্রতিযোগিতা, মুক্তিযোদ্ধাদের সম্মাননা, ভারত-বাংলাদেশ ৫ম সাংস্কৃতিক মিলন মেলা রাজশাহী-২০২২ অনুষ্ঠান হয়েছে। এছাড়া পদ্মাপাড়ে লালনশাহ মুক্ত মঞ্চে নিয়মিত সাংস্কৃতিক চর্চা, শিশুদের মনোবিকাশে শেখ রাসেল শিশু পার্ক নির্মাণ করা হয়েছে। |

তিনি তার বাজেট প্রস্তাবনায় মহানগরীকে সুন্দর বাসযোগ্য সবুজায়ন করে মহানগরীর তাপমাত্রা কমানোর প্রচেষ্টা গ্রহণ করেছেন।

তিনি গতানুগতিক আয়ের খাত থেকে বেরিয়ে এসে গ্যাস ভিত্তিক সিএনজি স্টেশন স্থাপন, সিটি কর্পোরেশনের অধীন বেসরকারি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন, সিটি হাসপাতালকে মহিলা মেডিকেল কলেজ কাম-হাসপাতালে রুপান্তর, বেসরকারি নার্সিং ইন্সটিটিউট, কারিগরী প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন করার পরিকল্পনা রয়েছে। এছাড়া এখন পর্যন্ত সিটি কর্পোরেশনের যে সব এলাকায় নিজস্ব পতিত জমি রয়েছে অবিলম্বে সেখানে মার্কেট নির্মাণ ও দ্রুত সম্প্রসারণশীল নগরায়নের জন্য আয় বর্ধক প্রকল্পের মাধ্যমে আগামীতে আয় বাড়ানোর জন্যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়া মহানগরীর এরিয়া মেট্রোপলিটন এলাকার সমপরিমান বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।

এবারের বাজেটে প্রচলিত আয়ের খাত সমূহ শক্তিশালী করার পদক্ষেপ নেয়া হয়েছে। যেমন শহীদ কামারুজ্জামান বোটানিক্যাল গার্ডেন ও চিড়িয়াখানা, কসাইখানা, প্রিমিসেস লাইসেন্স, বিজ্ঞাপন, ট্রেড লাইসেন্স, সিটি হাসপাতাল কে বেসরকারী খাতে প্রদান, শিক্ষা প্রতিষ্ঠান প্রভৃতি এ্যাসফল্ট প্লান্ট ও যন্ত্রপাতি ব্যবহারকে আধুনিক ব্যবস্থাপনায় রূপান্তরের

মাধ্যমে আয় বৃদ্ধির ক্ষেত্রে মনোনিবেশ করা হয়েছে। এছাড়া প্রতিটি শাখাকে শক্তিশালী করে আয় বৃদ্ধির উদ্যোগ নেয়া হয়েছে।

রাজশাহী মহানগরীর কিশোর ও যুব সমাজকে মাদকের হাত থেকে রক্ষার উদ্দেশ্যে বাজেটে খেলাধুলা খাতে অর্থ বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এছাড়া প্রতিবন্ধিদের সহায়তা করার জন্য বাজেটে অর্থ বরাদ্দ রয়েছে। বস্তি উন্নয়ন ও জলবায়ুর বিরূপ প্রভাব মোকাবেলার জন্য উন্নয়ন সহ দাতাসংস্থার মাধ্যমে প্রকল্প হাতে নেয়া হয়েছে।

মাননীয় মেয়র তাঁর বক্তব্যে দৈনিক মজুরী ভিত্তিক শ্রমিকদের কল্যানে কিছু পদক্ষেপ প্রস্তাবিত বাজেটে রাখা হয়েছে বলে জানান। তিনি বলেন, সিটি কর্পোরেশনে যাদের ঘামের বিনিময়ে শহর পরিচ্ছন্ন ও সুন্দর রাখা হচেছ সেই সব শ্রমিক মাসের প্রথম সপ্তাহে যাতে সময়মতো তাদের হিসেবে মজুরী পায় সে ব্যবস্থা গ্রহণ করা হবে। কর্মরত অবস্থায় মারা গেলে একজন শ্রমিকের পরিবারকে ১লক্ষ টাকা অনুদান প্রদানের ব্যবস্থা চলমান রয়েছে যা ভবিষ্যতে বহাল থাকবে।

নগরীর উন্নয়নের গৃহীত পদক্ষেপের বিষয়ে তিনি বলেন, ২টি অনুমোদিত প্রকল্প ও ৩টি  প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়ন এবং টেন্ডার হওয়া জরুরী কাজগুলি সম্পন্ন হলে এ মহানগরীকে একটি সুন্দর বাসযোগ্য মহানগরী হিসেবে গড়ে তোলা সম্ভব হবে। উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য ম্যাচিং ফান্ড হিসেবে রাজশাহী সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিল হতে বিপুল পরিমাণ অর্থ প্রদান করতে হবে। উক্ত অর্থ বর্তমান অবস্থায় রাজস্ব তহবিল হতে পরিশোধ করা সম্ভব নয়। বিধায় উন্নয়ন সহায়ক তহবিলের বরাদ্দ বৃদ্ধির জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখা হবে।

অতঃপর তিনি অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভাপতি হিসাবে ২০২১-২০২২ আর্থিক বছরের সংশোধিত বাজেট এবং ২০২২-২০২৩ আর্থিক বছরের প্রস্তাবিত বাজেট সভায় উপস্থাপন করেন।

তিনি ২৯ বৈশাখ ১৪২৯ বাংলা মোতাবেক ইংরেজী ১২ মে-২০২২ তারিখের সভা, বাংলা ১১ জ্যৈষ্ঠ ১৪২৯ বাংলা মোতাবেক ইংরেজী ২৫ মে-২০২২ তারিখের মুলতবি সভা, বাংলা ১২ জ্যৈষ্ঠ ১৪২৯ বাংলা মোতাবেক ইংরেজী ২৬ মে-২০২২ তারিখের মুলতবি সভা, বাংলা ১৫ জ্যৈষ্ঠ-১৪২৯ বাংলা মোতাবেক ইংরেজী ২৯ মে-২০২২ তারিখের মুলতবি সভা ও বাংলা ১৬ জ্যৈষ্ঠ-১৪২৯ বাংলা মোতাবেক ইংরেজী ৩০ মে-২০২২ তারিখের মূলতবী সভার প্রস্তাবাবলীর প্রেক্ষিতে ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেট ১ম, ২য় ও ৩য় খন্ডে সর্ব মোট =৭৬৯,০২,৯৪,৭৪৪.৩৬ (সাতশত ঊনসত্তর কোটি দুই লক্ষ চুরানব্বই হাজার সাতশত চুয়াল্লিশ টাকা ছত্রিশ পয়সা) টাকা ও ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম, ২য় ও ৩য় খন্ডে সর্বমোট =১০০৭,১৯,৬৯,৩২৩.১১ (এক হাজার সাত কোটি ঊনিশ লক্ষ ঊনষাট হাজার তিনশত তেইশ টাকা এগার পয়সা) টাকা প্রস্তাবিত বাজেট অনুমোদনের জন্য সকল সদস্যকে অনুরোধ জানান।

অতঃপর মাননীয় মেয়র জনাব আব্দুল হামিদ সরকার (টেকন) কে সভা সঞ্চালন করার দায়িত্ব প্রদান করেন। বাজেট আলোচনায় অংশগ্রহণ করে সম্মানিত কাউন্সিলর  ৫, ১১, ১৩, ১৪, ১৬, ১৭, ১৮,১৯ ও জোন-৫ বাজেট সুন্দর ভাবে উপস্থাপন করায় মেয়রকে ধন্যবাদ জানান। ১১নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ রবিউল ইসলাম তজু বলেন, প্রতিটি ওয়ার্ডে ড্রেন, রাস্তা ও বাড়ীর সংখ্যা বেড়েছে। ড্রেনের ময়লা উত্তোলন, রাস্তা ঝাড়ু দেয়া ও বাড়ীর ময়লা সংগ্রহের জন্য ১জন করে ড্রেন শ্রমিক, ১জন করে ঝাড়ুদার শ্রমিক ও ১জন করে ভ্যান শ্রমিক প্রয়োজন। ১৯নং ওয়ার্ডের কাউন্সিলর প্রতি ওয়ার্ডে ১০লক্ষ টাকা মসজিদ/ধর্মীয় প্রতিষ্ঠান মেরামত কাজে বরাদ্দ দেয়ার জন্য বলেন। সম্মানিত ৫নং জোন

কাউন্সিলর জনাব মোসাঃ সামসুন নাহার বলেন, সংরক্ষিত আসনের সকল জোন কাউন্সিলরের দপ্তরে ১টি করে কম্পিউটার, ১টি করে প্রিন্টার দেয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় প্রধানগণ তাদের বিভাগের গুরুত্বপূর্ণ বিষয় ও পরিকল্পনা মাননীয় মেয়রের সদয় দৃষ্টি কামনা করেন। সভায় আলোচনান্তে কিছু সংশোধনী সহ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ঃ**

১) সভায় মাননীয় মেয়র উপস্থাপিত ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটের =৭৬৯,০২,৯৪,৭৪৪.৩৬ (সাতশত ঊনসত্তর কোটি দুই লক্ষ চুরানব্বই হাজার সাতশত চুয়াল্লিশ টাকা ছত্রিশ পয়সা) টাকা ও ২০২২-২০২৩ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটের =১০০৭,১৯,৬৯,৩২৩.১০ (এক হাজার সাত কোটি ঊনিশ লক্ষ ঊনষাট হাজার তিনশত তেইশ টাকা দশ পয়সা) টাকা সমন্বিত আয় ও ব্যয় প্রস্তাব গৃহীত হয়।

২) উন্নয়ন সহায়ক তহবিলের আওতায় ব্যয় বিভাজন অনুমোদন সহ জরুরী প্রয়োজনে মাননীয় মেয়র যে কোন ব্যয় অনুমোদন করতে পারবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৩) প্রকল্প খাতে সকল বরাদ্দ নিশ্চিত করা সহ উন্নয়ন কাজের মান নিশ্চিত করে সকল ব্যয় প্রস্তাব অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪) বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের ক্ষেত্রে মাননীয় মেয়র আর্থিক সচ্ছলতা ও বাজেট বরাদ্দের সাপেক্ষে যে কোন অংকের অনুদান প্রদান করতে পারবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫) রাজশাহী মহানগরীতে নতুন নতুন রাস্তার ড্রেন বৃদ্ধি পাওয়ার ফলে শ্রমিক স্বল্পতার কারণে পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম আরো সুচারুভাবে সম্পন্ন করার জন্য প্রতিটি ওয়ার্ডে ১জন করে ওয়ার্ড লেবার এবং ১জন করে ৩ঘন্টার ঝাড়ুদার শ্রমিক প্রস্তাবিত বাজেটে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৬) রাজশাহী সিটি কর্পোরেশনের দাপ্তরিক কাজের প্রয়োজনে ৩০.০৫.২০২২খ্রিঃ তারিখের ২০২২-২০২৩ অর্থ বছরের প্রস্তাবিত ব্যয় সভার কার্য বিবরণীতে "দৈনিক মজুরী ভিত্তিক সংযোজন, বিয়োজন, পদ পরিবর্তণ ও স্থানান্তর" এ বর্ণিত ছকের কর্মকর্তা/কর্মচারীগণ স্থানান্তরিত বিভাগ/শাখায় পরিবর্তীত পদে মজুরী প্রদান সহ কর্ম করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৭) সভায় দৈয়নিক মজুরী ভিত্তিক শ্রমিকের (কর্মকর্তা/কর্মচারী) ১০% মজুরী বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়।

৭) বিভিন্ন বিভাগ/শাখার কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় ও দাপ্তরিক কাজের স্বার্থে ২০২২-২০২৩ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটে **"পরিবেশ উন্নয়নে স্বেচ্ছায় দান"** খাতে দৈনিক মজুরী ভিত্তিক শ্রমিকের ন্যায় মজুরী প্রদানের নিমিত্তে ২০২২-২০২৩ অর্থ বছরে প্রস্তাবিত বাজেটে বরাদ্দ রয়েছে। উক্ত খাতের ব্যাংক হিসাবে অর্থ থাকা সাপেক্ষে শ্রমিকের মজুরী সহ আনুষঙ্গীক ব্যয় নির্বাহ করতে পারবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে, সভার সভাপতি মাননীয় মেয়র সকলের সুখ, সমৃদ্ধি, শান্তি কামনা করে ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০২২-২০২৩ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সর্বসম্মত ভাবে অনুমোদিত হওয়ায় সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

এ.এইচ.এম খায়রুজ্জামান (লিটন)
মেয়র
রাজশাহী সিটি কর্পোরেশন।

**স্মারক নং- ৪৬.১২.০০০০.০০৪.০২.২২৫.২২-৩৩০** **তারিখ ঃ ১৬.০৬.২০২২ইং**

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ**

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জনাব/জনাবা ..............................................................................................................................

সম্মানিত কাউন্সিলর সাধারণ/সংরক্ষিত ওয়ার্ড/জোন নং ................, রাজশাহী সিটি কর্পোরেশন।

৩। ............................................................................................ বিভাগীয় প্রধান, রাজশাহী সিটি কর্পোরেশন।

৪। মাননীয় মেয়র মহোদয়ের অবগতির জন্য তাঁহার একান্ত সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।

৫। ............................................................................................ শাখা প্রধান, রাজশাহী সিটি কর্পোরেশন।

৬। প্রধান নির্বাহী কর্মকর্তার অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন।

৭। অফিস কপি।

এ.এইচ.এম খায়রুজ্জামান (লিটন)
মেয়র
রাজশাহী সিটি কর্পোরেশন।

১৬/০৬/২০২২

(পরিশিষ্ট “ক”)

২০২২-২০২৩ অর্থ বছরের বিশেষ (বাজেট) সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরগণের নামের তালিকা।

| | | |
|---|---|---|
| ১। | মোঃ রজব আলী | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০১, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ২। | মোঃ নজরুল ইসলাম | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ৩। | মোঃ কামাল হোসেন | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ৪। | মোঃ রুহুল আমিন টুনু | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৪, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ৫। | মোঃ কামরুজ্জামান | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৫, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ৬। | মোঃ নুরুজ্জামান টুকু | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ৭। | মোঃ মতিউর রহমান মতি | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৭, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ৮। | এস.এম. মাহবুবুল হক পাভেল | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৮, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ৯। | রাসেল জামান | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৯, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ১০। | মোঃ আব্বাস আলী সরদার | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১০, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ১১। | মোঃ রবিউল ইসলাম তজু | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১১, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ১২। | মোঃ সরিফুল ইসলাম বাবু | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১২, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ১৩। | মোঃ আব্দুল মোমিন | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ১৪। | মোঃ আনোয়ার হোসেন আনার | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৪, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ১৫। | মোঃ আব্দুস সোবহান (লিটন) | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৫, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ১৬। | মোঃ বেলাল আহম্মেদ | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৬, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ১৭। | আলহাজ্ব মোঃ শাহাদত আলী শাহু | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৭, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ১৮। | মোঃ শহিদুল ইসলাম পচা | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৮, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ১৯। | মোঃ তৌহিদুল হক সুমন | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৯, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ২০। | মোঃ রবিউল ইসলাম সরকার | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২০, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ২১। | মোঃ নিযাম উল আযীম | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২১, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ২২। | আব্দুল হামিদ সরকার (টেকন) | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২২, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ২৩। | মোঃ মাহাতাব হোসেন চৌধুরী | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৩, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ২৪। | মোঃ আরমান আলী | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৪, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ২৫। | মোঃ তরিকুল আলম পল্টু | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৫, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ২৬। | মোঃ আকতারুজ্জামান কোয়েল | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৬, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ২৭। | মোঃ আনোয়ারুল আমিন (আযব) | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৭, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ২৮। | মোঃ আশরাফুল হাসান বাচ্চু | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৮, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ২৯। | মোঃ মাসুদ রানা | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৯, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ৩০। | মোঃ শহিদুল ইসলাম পিন্টু | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-৩০, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| ৩১। | মোসাঃ তাহেরা খাতুন | সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-০১, রাসিক। |
| ৩২। | মোসাঃ আয়েশা খাতুন | সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-০২, রাসিক। |
| ৩৩। | মোসাঃ মুসলিমা বেগম বেলী | সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-০৩, রাসিক। |
| ৩৪। | মোসাঃ শিরিন আরা খাতুন | সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-০৪, রাসিক। |
| ৩৫। | মোসাঃ সামসুন নাহার | সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-০৫, রাসিক। |
| ৩৬। | মোসাঃ মাজেদা বেগম | সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-০৬, রাসিক। |
| ৩৭। | মোসাঃ উম্মে সালমা | সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-০৭, রাসিক। |
| ৩৮। | মোসাঃ নাদিরা বেগম | সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-০৮, রাসিক। |
| ৩৯। | মোসাঃ লাইলী বেগম | সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-০৯, রাসিক। |
| ৪০। | মোসাঃ সুলতানা রাজিয়া | সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-১০, রাসিক। |